# খামেনির জানাজায় অংশ নিতে তেহরানের পথে স্পিকার



স্পিকার হাফিজ উদ্দিন। ছবি: সংগৃহীত

ইরানের প্রয়াত সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনির জানাজা ও রাষ্ট্রীয় শোকানুষ্ঠানে অংশ নিতে তেহরানের উদ্দেশে ঢাকা ছেড়েছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ।

বৃহস্পতিবার (২ জুলাই) সকাল সাড়ে ৭টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তিনি ইরানের রাজধানী তেহরানের উদ্দেশে রওনা হন।

আয়াতুল্লাহ আলী খামেনি ১৯৩৯ সালের ১৯ এপ্রিল উত্তর-পূর্ব ইরানের মাশহাদে জন্মগ্রহণ করেন। দীর্ঘ কয়েক দশক ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা হিসেবে দায়িত্ব পালন শেষে ২০২৬ সালের ২৮ ফেব্রুয়ারি তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৬ বছর।

১৯৭৯ সালের ইসলামী বিপ্লবের পর দেশটির নতুন রাষ্ট্রব্যবস্থায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন খামেনি। তিনি একসময় প্রতিরক্ষামন্ত্রীর দায়িত্ব পালন করেন এবং পরে ইরান-ইরাক যুদ্ধের সময় গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় দায়িত্বে ছিলেন। ১৯৮৯ সালে আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনির মৃত্যুর পর বিশেষজ্ঞ পরিষদ তাকে ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা হিসেবে নির্বাচিত করে।

জানাজা ও রাষ্ট্রীয় আনুষ্ঠানিকতা শেষে আগামী ৪ জুলাই স্পিকারের দেশে ফেরার কথা রয়েছে।

LENS ASIA